দৈনিক সংবাদ

তারিখ 0 4 AUG 1992
পৃষ্ঠা 7 কলাম 8

30

# ৬০টি স্কুল-কলেজ সরকারীকরণ নিয়ে সচিবালয়ে জোর তদবির

।। শিশির শীল।।

দেশের ৬০টি স্কুল-কলেজ সরকারীকরণ নিয়ে সচিবালয়ে এখন জোর তদ্বির-লবিং চলছে। সরকারীকরণ সংক্রান্ত ঘোষণার পর থেকে শিক্ষা মন্ত্রণালয়ে তদ্বির পার্টির ভিড় বেড়েই চলেছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, সাবেক অস্থায়ী রাষ্ট্রপতি শাহাবুদ্দিন আহমদ প্রতিশ্রুত দু'টি ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া প্রতিশ্রুত ৮টি কলেজ সরকারীকরণ প্রক্রিয়ার কাজ ইতিমধ্যে শুরু করা হয়েছে। অর্থ মন্ত্রণালয় প্রতিটি কলেজের জন্য প্রাথমিকভাবে ১৫ লাখ টাকা মঞ্জুর করেছে।

অন্যদিকে আর্থিক সমন্বয়ের অভাবে চলতি অর্থবছরে ৫০টি স্কুল সরকারীকরণ প্রক্রিয়া শুরু হবার সম্ভাবনা নেই বলে জানা গেছে। কেননা অর্থ মন্ত্রণালয় প্রতিটি স্কুল বাবদ ৫ লাখ টাকার অনুমোদন দিয়ে বলেছে, ওই টাকা শিক্ষা মন্ত্রণালয়কে ১৯৯২-৯৩ অর্থবছরের বরাদ্দের মধ্যেই সমন্বয় করতে হবে। এর প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয়কে জানিয়ে দিয়েছে যে, অতিরিক্ত মঞ্জুরি প্রদান না করলে কোনক্রমেই চলতি অর্থবছরের বাজেটের মধ্যে ওই অতিরিক্ত অর্থ সমন্বয় করা সম্ভব নয়।

সূত্র জানায়, ৫০টি স্কুলের মধ্যে প্রধানমন্ত্রী প্রতিশ্রুত ২০টি স্কুল সরকারীকরণের পরিকল্পনা ছিল সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের। কিন্তু এক্ষেত্রে আর্থিক সমন্বয় ছাড়াও প্রধানমন্ত্রী প্রতিশ্রুত অন্তত ১০টি স্কুল সরকারীকরণ করা সম্ভব নয়। কেননা সরকারীকরণ করতে যে সব শর্তের প্রয়োজন তা ঐ ১০টি স্কুলের নেই।

সূত্র আরো জানায়, স্কুল-কলেজ সরকারীকরণের ঘোষণা দেয়ার পর

স্কুল—কলেজ ঃ পৃঃ ১২ কঃ ১

## স্কুল—কলেজ ঃ জোর তদবির

(১ম পাতার পর)

মন্ত্রণালয়ে বিভিন্ন মহলের সুপারিশ সম্বলিত ফাইলের পর ফাইল আসছে দেশের বিভিন্ন এলাকার স্কুল-কলেজ থেকে। টেলিফোন আসছে। লোকজন ভিড় জমাচ্ছে প্রতিনিয়ত। 'আমি তার লোক'—এই বলে।

যে ১০টি কলেজ সরকারীকরণের প্রক্রিয়া শুরু হয়েছে সেগুলো হলো—মেহেরপুর মহিলা কলেজ, ময়মনসিংহের গৌরীপুর কলেজ, বগুড়ার গাবতলী কলেজ, নেত্রকোনা মহিলা কলেজ, নারায়ণগঞ্জের আড়াই হাজার কলেজ, নরসিংদী মহিলা কলেজ, খাগড়াছড়ির রামগড় কলেজ, ঝিনাইদহের মহিলা কলেজ ও শৈলকুপা কলেজ এবং ফেনীর পরশুরাম কলেজ।